**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৫৪

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ১০২২তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব মাসুদ খান এর সভাপতিতে ১০২২তম কমিশন সভা অদ্য ২৮/০৭/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই) কর্তৃক মোনার্ক হোল্ডিংস লিমিটেড-এর স্টক ব্রোকার ও স্টক ডিলার নিবন্ধন সনদ নবায়ন সংক্রান্ত সুপারিশ পর্যালোচনায় কমিশনের দৃষ্টিগোচর হয় যে, 'সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০' এর বিধি ৮(৩) অনুযায়ী নির্ধারিত ফরম 'ছ'-এ প্রয়োজনীয় তথ্যাদি যথাযথভাবে পূরণ না করেই ডিএসই নিবন্ধন সনদ নবায়নের পক্ষে ইতিবাচক (Positive) সুপারিশ প্রদান করেছে, যা বিধিমালার পরিপন্থী এবং ডিএসইর রেগুলেটরি দায়িত্ব পালনে স্পষ্ট ব্যর্থতার পরিচায়ক।

পরবর্তীতে কমিশন এ বিষয়ে ডিএসইর নিকট ব্যাখ্যা তলব করলে, ডিএসই ফরম 'ছ' পূরণসহ প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ করলেও উক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন সনদ নবায়নের পক্ষে বা বিপক্ষে কোনো সুনির্দিষ্ট রেগুলেটরি সুপারিশ প্রদান করেনি। এ প্রেক্ষিতে, ডিএসই কেন বিধিমালা অনুযায়ী সুনির্দিষ্ট (নিবন্ধন সনদ নবায়নের পক্ষে বা বিপক্ষে) সুপারিশ প্রদান করতে ব্যর্থ হয়েছে সে বিষয়ে ব্যাখ্যা তলব করার সিদ্ধান্ত গৃহীত হয়। একইসঙ্গে, ব্যাখ্যা তলবের পত্র প্রাপ্তির ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে বিধিমালার আলোকে প্রয়োজনীয় তথ্য, বিশ্লেষণ ও রেগুলেটরি মূল্যায়নসহ মোনার্ক হোল্ডিংস লিমিটেড-এর নিবন্ধন সনদ নবায়ন বিষয়ে একটি সুনির্দিষ্ট সুপারিশ কমিশনে প্রেরণের জন্য ডিএসইকে নির্দেশনা প্রদানেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

28/07/2025

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র